
Since · 1993

# নিয়োগ বিজ্ঞপ্তি



## দিশা'য় স্বাবলম্বী হওয়ার সুবর্ণ সুযোগ

## ডেভেলোপমেন্ট ইনিশিয়েটিভ ফর সোশাল এডভান্সমেন্ট (দিশা)

জাতীয় পর্যায়ের একটি বেসরকারি উন্নয়ন সংস্থা (এমআরএ সনদ নং-০১৩০৬-০০৪৮০-০০০২৪) বিগত ৩২ বছর যাবৎ দারিদ্র্য বিমোচনে ক্ষুদ্রঋণ এবং অন্যান্য উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। সংস্থাটি বর্তমানে দেশের ১৯ টি জেলায় ১০৫ টি শাখার মাধ্যমে দরিদ্র জনসাধারণের জীবনমান উন্নয়নের লক্ষ্যে কার্যক্রম পরিচালনা করছে। বর্তমানে পিকেএ-সএফ ও বিভিন্ন সরকারি-বেসরকারি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের সহায়তায় পরিচালিত ক্ষুদ্রঋণ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের যে কোন অঞ্চলে গ্রামীণ জনগোষ্ঠির সাথে কাজ করতে আগ্রহী প্রার্থীদের নিম্নবর্ণিত পদে নিয়োগ করা হবে। নির্বাচিত প্রার্থীদের সরাসরি মাঠ পর্যায়ে সদস্য নির্বাচন করে গ্রামীণ জনগোষ্টির মধ্যে ঋণ বিতরণ, আদায় ও সঞ্চয় কার্যক্রম পরিচালনা করতে হবে।

| ক্র.নং | পদের নাম | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও সর্বোচ্চ বয়স সীমা | বেতন ও ভাতাদি | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | *প্রশিক্ষণকাল ১ মাস* | *শিক্ষানবীশ কাল ৬ মাস* | *৬ মাস পর স্থায়ীকরণ হলে* |
| ০১ | ক্রেডিট অফিসার গ্রেড-০৩ | মোট ২০০ জন | এইচএসসি/সমমান ও বয়স ২২-৩৫ বছর | ১৬,০০০/- | ১৮,৫০০/- | ২৩,০৬০/- |
| ০২ | ক্রেডিট অফিসার গ্রেড-০২ | | স্নাতক/সমমান ও বয়স ২৪-৩৫ বছর | ১৭,০০০/- | ১৯,৫০০/- | ২৪,১৪০/- |
| ০৩ | ক্রেডিট অফিসার গ্রেড-০১ | | স্নাতক (সম্মান) ডিগ্রী ও বয়স ২৪-৩৫ বছর | ১৮,০০০/- | ২০,৫০০/- | ২৫,৪০০/- |
| ০৪ | সিনিয়র ক্রেডিট অফিসার গ্রেড-০৩ | | স্নাতকোত্তর ও বয়স ২৪-৩৫ বছর | ১৯,০০০/- | ২১,৫০০/- | ২৬,২২০/- |

**অন্যান্য সুযোগ-সুবিধাঃ** সংস্থায় কর্মীদের জন্য পিএফ, পিএফ এর বিপরীতে ঋণের সুবিধা, স্থায়ীকরণের ৫(পাঁচ) বছর পর থেকে গ্রাচ্যুইটি, বছরে ২০ দিন স্ব-বেতনে অর্জিত ছুটি, চিকিৎসা ও বীমা সুবিধা, বছরে ২ টি উৎসব ভাতা, বাংলা নববর্ষ ভাতা, লং সার্ভিস বেনিফিট, বিবাহভাতা, মোবাইল বিল, বাই-সাইকেল/মোটর সাইকেল মেরামত, মহিলা কর্মীদের জন্য বিশেষ যাতায়াত ভাতা, স্ববেতনে ৬ (ছয়) মাস মাতৃত্বকালীন ছুটি, স্ববেতনে পিতৃত্বকালীন ৭ (সাত) দিন ছুটি, বছরে ১২ দিন স্ববেতনে নৈমিত্তিক ছুটি, বছরে ১৫ দিন স্ববেতনে মেডিকেল ছুটি, বদলীকালীন পরিবারসহ বাসস্থান স্থানান্তর খরচ, স্বল্প মূল্যে আবাসন সুবিধা এবং অন্যান্য সুযোগ সুবিধা বিদ্যমান (যেমন, কাজের মূল্যায়নের ভিত্তিতে বিভিন্ন ধরনের প্রণোদনা ও পদোন্নতি)। আগ্রহী প্রার্থীগণকে শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, জাতীয় পরিচয় পত্র (NID) এর ফটোকপি, সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি ও মোবাইল নাম্বারসহ দরখাস্ত আগামী ৩০.১০.২০২৫ তারিখের মধ্যে ***পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) দিশা, ই/১০, বর্ধিত পল্লবী, মিরপুর সাড়ে এগার, ঢাকা-১২১৬*** এই ঠিকানায় ডাকযোগে/কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে প্রেরণ করতে হবে।

**খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।**

**শর্তাবলীঃ**
১। নির্বাচিত প্রার্থীদের মাঠ পর্যায়ে দায়িত্ব পালনের জন্য অবশ্যই বাই-সাইকেল/মোটর সাইকেল ব্যবহার করতে হবে।
২। নির্বাচিত প্রার্থীদের যোগদানের সময় ফেরতযোগ্য জামানত বাবদ মোট-১০,০০০/- (দশ হাজার) টাকা জমা দিতে হবে।
৩। যোগদানের সময় সকল পদে নির্বাচিত প্রার্থীদের নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে নির্ধারিত নিশ্চয়তাকারী কর্তৃক নিশ্চয়তা দিতে হবে যিনি প্রয়োজনে প্রার্থীর সকল আর্থিক দায়-দায়িত্ব বহন করবেন।
৪। কোন ধরনের মামলায় জড়িতদের আবেদন করার প্রয়োজন নাই।

**www.disabd.org**